

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০৩.২৫.১৮৫৬

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ ব.
০১ ডিসেম্বর ২০২৫ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাদিীন বিদ্যালয় ও পরিদর্শন শাখার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসে কর্মরত শিক্ষক-কর্মকর্তার PDS, শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য ও অধ্যয়নরত শিক্ষার্থীদের "SIB শিক্ষার্থী ডেটাবেজ" হালনাগাদকরণ:


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাদিীন বিদ্যালয় ও পরিদর্শন শাখার আওতাধীন আঞ্চলিক কার্যালয়, জেলা শিক্ষা অফিস, সরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং সরকারি স্কুল এন্ড কলেজের মাধ্যমিক স্তরে (জাতীয়করণকৃত শিক্ষা প্রতিষ্ঠানসহ) কর্মরত শিক্ষক-কর্মকর্তাগণের ব্যক্তিগত PDS, শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য হালনাগাদ না থাকায় শিক্ষক-কর্মকর্তাদের পদোন্নতি, বদলি (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ীকরণ ইত্যাদি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা যাচ্ছে না। অপরদিকে শিক্ষার্থীদের হালনাগাদ ডাটাবেজ না থাকায় শিক্ষার্থী সংক্রান্ত বিভিন্ন রিপোর্ট তৈরি করা যাচ্ছে না। এ সকল সমস্যা সমাধান কল্পে তথ্য হালনাগাদ করার জন্য অনলাইন আবেদনের মডিউল অপসন চালু করা হয়েছে। অতএব শিক্ষক-কর্মকর্তাগণ <http://pds.sib.gov.bd> লিঙ্কে তার ব্যক্তিগত পিডিএস আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করবেন। শিক্ষক/কর্মকর্তাদের ব্যক্তিগত তথ্য হালনাগাদকরণের জন্য হোম পেজের 'PDS হালনাগাদের আবেদন' অপসন হতে মাউশি বরাবর অনলাইনে আবেদন করবেন। মাউশি অধিদপ্তর আবেদন মঞ্জুর করলে শিক্ষক/কর্মকর্তাগণ তাদের PDS এ প্রয়োজনীয় তথ্য হালনাগাদ সম্পন্ন শেষে সাবমিট করবেন। শিক্ষা প্রতিষ্ঠান/অফিস প্রধান শিক্ষক-কর্মকর্তাদের হালনাগাদকৃত তথ্যাদি ভেরিফিকেশন করে Admin প্যানেল হতে PDS অ্যাপ্রুভ করবেন।

২. শিক্ষা প্রতিষ্ঠান/অফিস প্রধান <http://pds.sib.gov.bd/admin> লিঙ্কে লগইন করে শিক্ষা প্রতিষ্ঠান/অফিস এর সাধারণ তথ্য, পদের তথ্য, বি. এড অধ্যয়নরত শিক্ষক/কর্মকর্তাদের তথ্য এবং পদের স্থায়ীকরণের তথ্য (সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ের জন্য) হালনাগাদ করবেন। শিক্ষা প্রতিষ্ঠান/অফিসের উপরোক্ত তথ্যাদি হালনাগাদ করার জন্য প্রতিষ্ঠান প্রধান 'তথ্য হালনাগাদের আবেদন' অপসন হতে মাউশি অধিদপ্তর বরাবর অনলাইনে আবেদন করবেন। মাউশি অধিদপ্তর আবেদন মঞ্জুর করলে শিক্ষা প্রতিষ্ঠান/অফিস প্রধান প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করে সেভ করবেন।

৩. সরকারি মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সেশন ফি, মাসিক টিউশন ফি ও অন্যান্য ফি আদায়ে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এই ফি সমূহ আদায় কার্যক্রম মোবাইল ব্যংকিং সেবার মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে তৈরীকৃত "SIB শিক্ষার্থী ডেটাবেজ" <http://automation.sib.gov.bd> লিঙ্ক ব্যবহার করে শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ করতে হবে।

৪. উপরোক্ত সকল কার্যক্রম অবশ্যই আগামী ১০/১২/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৫. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নির্দেশনা জারি করা হলো।



(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি স্কুল এন্ড কলেজ/বিদ্যালয় (সকল);

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০৩.২৫.১৮৫৬(৬)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ ব.
০১ ডিসেম্বর ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩) উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫) সিইও, কর্পোরেট সিস্টেম সলিউশনস।
- ৬) সংরক্ষণ নথি।


০১/১২/২০২৫
(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)